কোটচাঁদপুর বিএনপি’র বিক্ষোভ ও সমাবেশ

ঝিনাইদহের কোটচাঁদপুরে বিএনপি’র বিক্ষোভ ও সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। বুধবার বিকালে কোটচাঁদপুর স্থানীয় বাজার চত্বরে জ্বালানি তেল,পরিবহন ভাড়া, বিদ্যুৎতের অসহানীয় লোডশেডিং, দ্রব্য মূল্য বৃদ্ধি, ভোলায় পুলিশ কর্তৃক গুলি করে ছাত্র দল নেতা নুরে আলম ও স্বেচ্ছাসেবক দল নেতা আব্দুর রহিম হত্যার প্রতিবাদে অনুষ্ঠিত বিক্ষোভ সমাবেশে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, বিএনপি জাতীয় নির্বাহী কমিটি সহ সাংগঠনিক সম্পাদক জয়ন্ত কুমার কুন্ডু।

বিক্ষোভ সমাবেশে সভাপতিত্ব করেন কোটচাঁদপুর উপজেলা বিএনপির সভাপতি আব্দুর রাজ্জাক। প্রধানবক্তা হিসেবে উপস্থিত ছিলেন বিএনপির জাতীয় নির্বাহী কমিটি সহ তথ্য ও গবেষণা বিষয়ক সম্পাদক আমিরুজ্জামান খান শিমুল।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা বিএনপির সভাপতি এ্যাডঃ এম এ মজিদ, জেলা বিএনপির সাধারণ সম্পাদক জাহিদুজ্জামান মনা। জেলা বিএনপির সাংগাঠনিক সম্পাদক সাজেদুর রহমান পপ্পু।

সভায় বক্তব্য রাখেন কোটচাঁদপুর উপজেলার সাবেক উপজেলা ভাইস চেয়ারম্যান ও বিএনপি নেতা একরামুল হক, পৌর বিএনপির সহসভাপতি আব্দুর রশিদ সর্দার। এ ছাড়া উপস্থিত ছিলেন কোটচাঁদপুর উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক লিয়াকত হোসেন, সাংগাঠনিক সম্পাদক হারুন অর রশিদ, পৌর বিএনপির সাধারণ সম্পাদক আবুল কাশেম, সাংগঠনিক সম্পাদক মীর্জা টিপু। উপজেলা যুব দলের আহবায়ক আশরাফুজ্জামান খান মুকুল, পৌর যুবদলের আহবায়ক ফয়েজ আহমেদ তুফান।

এর আগে বিক্ষোভ সমাবেশে যোগ দিতে কোটচাঁদপুর উপজেলার বিভিন্ন এলাকা থেকে নেতা-কর্মীরা স্থানীয় মেইন বাসস্ট্যান্ডে এসে জড়ো হতে থাকে। পরে মিছিল বের হয়ে কোটচাঁদপুর বাজার চত্বরের সমাবেশে যোগ দেন। সভাটি সঞ্চালনা করেন কোটচাঁদপুর পৌর বিএনপির সভাপতি এস কে এম সালাহউদ্দীন বুলবুল সিডল।

ঝিনাইদহ জেলা বিএনপির উদ্যোগে বিক্ষোভ মিছিল

জ্বালানি তেল, পরিবহন খাতে ভাড়া ও সকল পন্যের মূল্যবৃদ্ধিসহ ভোলায় পুলিশের গুলিতে নিহতের ঘটনায় ঝিনাইদহে বিক্ষোভ মিছিল অনুষ্ঠিত হয়।

মঙ্গলবার সকালে শহরের মর্ডান মোড় থেকে পৌর বিএনপির উদ্যোগে বিক্ষোভ মিছিল বের করা হয়। মিছিলটি শহরের বিভিন্ন সড়ক ঘুরে প্রেসক্লাবের সামনে শেষ হয়। সেখানে সংক্ষিপ্ত সমাবেশে জেলা বিএনপি’র সভাপতি এ্যাড. এম এ মজিদ, সাধারন সম্পাদক জাহিদুজ্জামান মনা, এড মুন্সি কামাল আজাদ পান্নু, সাজেদুর রহমান পাপপু, আনোয়ারুল ইসলাম বাদশা, সদর পৌর বিএনপির আহবায়ক মোঃ আব্দুল মজিদ বিশ্বাস, পৌর বিএনপি’র সাধারন সম্পাদক মাহবুবুর রহমান শেখর, এনামুল কবীর মুকুল, জেলা স্বেচ্ছাসেবক দলের সাংগঠনিক সম্পাদক মোঃ শফিকুল ইসলাম শফি বিশ্বাস, সহ অংঙ্গ সংগঠনের নেতৃবৃন্দ বক্তব্য রাখেন।

সমাবেশে জেলা বিএনপির সভাপতি এ্যড এম এ মজিদ বলেন, ভারতের এই সেবাদাশ সরকার দেশ পরিচালনায় ব্যার্থ। সরকারের মন্ত্রী এমপিরা আউলায়ে গেছে। তাদের লাগামহীন ও দেশ বিরোধী কথায় প্রমান করে দেশের স্বাধীনতা ও সর্বভৌমত্ব ভারতের কাছে ইজারা দিয়েছে।

তিনি বলেন, রক্ত দিয়ে দেশ স্বাধীন হয়েছে ভারতের তাবেদারী করার জন্য নয়। মজিদ বলেন, নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের মূল্য বৃদ্ধি করে হাসিনা সরকার দেশকে দুর্ভিক্ষের দিকে ঠেলে দিচ্ছে।

ঝিনাইদহে নবাগত পুলিশ সুপারকে বরণ ও দ্বায়িত্ব ভার হস্তান্তর

ঝিনাইদহ জেলা পুলিশের পক্ষ থেকে নবাগত পুলিশ সুপার মোহাম্মদ আশিকুর রহমান, বিপিএম, পিপিএম (বার), কে ঝিনাইদহ জেলা পুলিশের পক্ষ থেকে বরণ করে নেন।

এসময় অতিরিক্ত পুলিশ সুপার আনোয়ার সাঈদসহ জেলা পুলিশের ঊর্ধ্বতন অফিসার বৃন্দ উপস্থিত ছিলেন।

এছাড়া বিদায়ী পুলিশ সুপার জনাব মুনতাসিরুল ইসলাম, পিপিএম (অতিরিক্ত ডিআইজি পদে পদোন্নতি প্রাপ্ত) এর বদলী জনিত কারনে মঙ্গলবার ঝিনাইদহের নবাগত পুলিশ সুপার মোহাম্মদ আশিকুর রহমান, বিপিএম, পিপিএম (বার) এর নিকট দায়িত্বভার হস্তান্তর করেন।

৭ দফা দাবিতে কোটচাঁদপুর উপজেলা ও পৌর বিএনপির লিফলেট বিতরন

৭ দফা দাবিতে শহরে লিফলেট বিতরন করেছেন কোটচাঁদপুর উপজেলা ও পৌর বিএনপি। সোমবার বিকালে এ লিফলেট বিতরন করা হয়।

এসময় উপস্থিত ছিলেন কোটচাঁদপুর উপজেলা বিএনপির সভাপতি আব্দুর রাজ্জাক, সাধারণ সম্পাদক লিয়াকত হোসেন, সহসভাপতি সাইফুর রহমান কোটচাঁদপুর পৌর বিএনপির সভাপতি এস কে এম সালাহউদ্দীন বুলবুল সিডল, সাধারণ সম্পাদক আবুল কাশেম, সাংগাঠনিক সম্পাদক মির্জা টিপু,উপজেলা যুব দলের আহবায়ক আশরাফুজ্জামান খান মুকুল।

পরে ৭ দফা দাবি সম্বলিত লিফলেট শহরের মানুষের মাঝে বিতরণ করেন নেতা-কর্মীরা। ৭ দফার মধ্যে রয়েছে জ্বালানি তেলের অস্বাভাবিক মূল্য বৃদ্ধি, পরিবহনের ভাড়াসহ সকল মূল্য বৃদ্ধি, বিদ্যুৎতের

অসহানীয় লোডশেডিং ও স্যারের মূল্য বৃদ্ধি, ভোলায় পুলিশ কর্তৃক গুলি করে ছাত্র দল নেতা নুরে আলম ও স্বেচ্ছাসেবক দল নেতা আব্দুর রহিম হত্যার প্রতিবাদ,দেশনেত্রী বেগম খালেদা জিয়ার মুক্তি, দেশনায়ক তারেক রহমান কে বিনা বাধায় স্বদেশে প্রত্যবর্তন, তত্ত্বাবধায়ক সরকার ব্যবস্থা পুনঃ প্রতিষ্ঠা দাবি অন্যতম।

অন্যদিকে কোটচাঁদপুর উপজেলার বিভিন্ন ইউনিয়নে আগমী ২৪ তারিখের বিক্ষোভ সমাবেশ সফল করার লক্ষ্যে প্রস্তুতি সভা করা হয়।

জনতা ব্যাংক জোড়াদহ শাখার নতুন ভবনের উদ্বোধন

ঝিনাইদহ হরিণাকুন্ডু জোড়াদহ শাখা জনতা ব্যাংক লিঃ নতুন ভবনের উদ্বোধন করা হয়েছে। সোমবার সকাল ১১টায় জোড়াদহ শাখার উদ্বোধন করেন জনতা ব্যাংক লিমিটেড খুলনা অঞ্চলের জেনারেল ম্যানেজার অরুন কুমার বিশ্বাস।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জোড়াদহ কলেজের অধ্যক্ষ মোঃ শরিফুল ইসলাম, জনতা ব্যাংক লিঃ ডেপুটি জেনারেল ম্যানেজার মোঃ মিজানুর রহমান, জনাব মোঃ হামিদুল্লাহসহ জোড়াদহ ভায়না এলাকার অত্র ব্যাংকের গ্রাহকবৃন্দ।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জনতা ব্যাংক লিঃ জোড়াদহ শাখার ব্যবস্থাপক মোঃ আবু সাইদ।

কোটচাঁদপুরে মটর সাইকেলসহ চোর গ্রেফতার

ঝিনাইদহের কোটচাঁদপুর মটর সাইকেল চোর চক্রের এক সদস্যকে ধরে পুলিশে সৌপর্দ করলেন জনতা।

শনিবার রাতে কোটচাঁদপুরের গাবতলা পাড়া থেকে মোটরসাইকেল নিয়ে যাবার সময় ধরা পড়েন ওই চোর। পরে তাঁর স্বীকারাক্তি মোতাবেক অভিযান চালিয়ে নগদ টাকা,মটর সাইকেল ও চুরির কাজে ব্যবহারিত সরঞ্জামাদি উদ্ধার করেছেন পুলিশ।

জানা যায়,শনিবার রাত ৯ টার সময় কোটচাঁদপুরের গাবতলা পাড়ার শাহিনের কালো রংয়ের পালসার মোটরসাইকেলটি নিয়ে যাবার সময় স্থানীয় জনতা তাকে ধাওয়া দেন। এ সময় সে মটর সাইকেল ফেলে রেখে পালানোর চেষ্টা করে।

স্থানীয় জনতা তাকে ধাওয়া দিয়ে ধরে ফেলেন। আটকৃতের নাম রাসেল হোসেন (২৬)। সে চুয়াডাঙ্গা সদর উপজেলার গোবরগাড়া গ্রামের আক্কাস আলীর ছেলে। এরপর তারা পুলিশে খবর দেন। এ খবরে পুলিশ তাকে উদ্ধার করে কোটচাঁদপুর থানায় নিয়ে এসে জিজ্ঞাসাবাদ করেন।

এ সময় রাসেল ওরফে শাহিন বলেন,আনিস আমার চাচাত ভাই। সে ঝিনাইদহের পাগলা কানা এলাকার সেকেন্দার মোল্ল্যার ছেলে। সে এ চোর চক্রের মূল হোতা। এ কাজের সঙ্গে অপু ও শামীম নামের আরো দুই জন ছিল।

পরে পুলিশ তাঁর স্বীকারোক্তি অনুযায়ী কোটচাঁদপুরের কাগমারি গ্রামে আনিসের শ্বশুর সিরাজুল ইসলামের বাড়িতে অভিযান চালান কোটচাঁদপুর থানার উপপরিদর্শক আয়ুব হোসেন।

এ সময় ১ টি ফোর ভি মোটরসাইকেল,নগদ ১ লাখ ১৭ হাজার টাকা ও চুরি করার কাজে ব্যবহারিত সরঞ্জামাদি উদ্ধার করেন।

উল্লেখ্য, গেল ১৪ আগষ্ট শনিবার রাতে পৌরসভার কাশিপুর গ্রামের ইসমাইল হোসেন বিশুর আলমসাধু চুরি করে পালাচ্ছিল চোর। ওইদিনও জনতার হাতে ধরা পড়েন আলমসাধু চোর। পরে পুলিশে সৌপর্দ করেন স্থানীয় জনতা।

এদিকে চোর চক্রের সদস্যরা ধরা পড়লেও মূল হোতারা রয়েছে ধরা

ছোয়ার বাইরে। এতে করে আতংক কাটছে না ভুক্তভোগীদের। পলাতকদের ধরে দ্রুত আইনের আওতায় আনতে সংশ্লিষ্টদের হস্তক্ষেপ কামনা করেছেন তারা।

এ ব্যাপারে কোটচাঁদপুর মডেল থানার ডিউটি উপপরিদর্শক কামরুজ্জামান জানান, ওই ঘটনায় এখনো পর্যন্ত কোন মামলা হয়নি। কি কি উদ্ধার হয়েছে, জানতে চাইলে তিনি বলেন,এ বিষয়ে আমি কিছু জানিনা। যিনি ধরেছেন তিনি বলতে পারবেন।

কোটচাঁদপুরে নানা আয়োজনে শ্রীকৃষ্ণের জন্মাষ্টমী পালন

আওয়ামী লীগ সরকার ক্ষমতায় থাকলে,সব ধর্মের মানুষ সমান সুবিধা ভোগ করে থাকেন।

শুক্রবার কোটচাঁদপুর কেন্দ্রীয় কালিবাড়ি মন্দিরে ভগবান শ্রীকৃষ্ণের শুভ জন্মাষ্টমী উপলক্ষ্যে আলোচনা সভায় এ কথা বলেন, ঝিনাইদহ-৩ আসনের সংসদ সদস্য অ্যাড. শফিকুল আজম খান চঞ্চল।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বাংলাদেশ পূজা উদযাপন পরিষদের কোটচাঁদপুর শাখার সভাপতি অধ্যক্ষ নিমাই চন্দ্র দে।

রবীন্দ্রনাথ শর্ম্মার সঞ্চালনায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কোটচাঁদপুর উপজেলার চেয়ারম্যান ও আওয়ামী লীগের সভাপতি মোছাঃ শরিফুননেসা মিকি, ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন,উপজেলা যুবলীগের সাবেক সভাপতি ও আওয়ামী লীগ নেতা মীর কাশেম আলী।

এ সময় শতশত ভক্তবৃন্দ উপস্থিত ছিলেন। আলোচনা শেষে র্যালি বের হয়। র্যালিটি শহরের বিশেষ বিশেষ সড়ক প্রদক্ষিণ করে একই স্থানে এসে শেষ হয়। পরে ভক্তবৃন্দদের মধ্যে মহা প্রসাদ বিতরন করা হয়।

ঝিনাইদহে শ্রীকৃষ্ণের জন্মাষ্টমী উপলক্ষে শোভাযাত্রা

আজ ১৯ আগস্ট শুক্রবার শুভ জন্মাষ্টমী। সনাতন হিন্দু ধর্মাবলম্বীদের আরাধ্য ভগবান শ্রীকৃষ্ণের জন্মতিথি। ভাদ্র মাসের কৃষ্ণপক্ষের অষ্টমী তিথিতে দুষ্টের দমন শিষ্টের পালন এবং ধর্ম রক্ষার্থে মহাবতার ভগবান রূপে জন্মগ্রহণ করেছিলেন শ্রীকৃষ্ণ।

সেই উপলক্ষে প্রতিবছর শ্রীকৃষ্ণের জন্মতিথিতে পালন করা হয় জন্মাষ্টমী। এরই ধারাবাহিকতায় ঝিনাইদহ সনাতন ধর্মাবলম্বী সম্প্রদায় শ্রীকৃষ্ণের জন্মাষ্টমী পালন করেছে।

প্রায় সাড়ে পাঁচ হাজার বছর আগে দ্বাপর যুগে ভাদ্র মাসের কৃষ্ণপক্ষের অষ্টমী তিথিতে মহাবতার শ্রীকৃষ্ণ ধরাধামে আবির্ভূত হন।অত্যাচারী ও অসুরদের বিরুদ্ধে শান্তিপ্রিয় সাধুজনের রক্ষার লক্ষ্যে কংসের কারাগারে জন্ম গ্রহন করেন তিনি।

শিষ্টের পালন ও দুষ্টের দমনে তিনি ব্রতী ছিলেন। সত্য ও ন্যায় প্রতিষ্ঠার ক্ষেত্রে শ্রীকৃষ্ণ তাই ভগবানের আসনে অধিষ্ঠিত।অবতার হয়ে শ্রীকৃষ্ণ জন্ম নিয়েছিলেন মাতা দেবকীর গর্ভে।

ঝিনাইদহে শ্রী শ্রী মদন মোহন মন্দির থেকে জন্মাষ্টমী উৎসব উপলক্ষে একটি র্যালি বের হয়ে বিভিন্ন সড়ক প্রদক্ষিন শেষে শ্রী শ্রী মদন মোহন মন্দিরে এসে শেষ হয়।

র্যালিতে ঝিনাইদহ বিভিন্ন মন্দির ও বিভিন্ন স্থান থেকে ভক্তবৃন্দ উপস্থিত হয়েছেন। এছাড়া অনুষ্ঠান সূচীর মধ্যে প্রসাদ বিতরণ ও ধর্মীয় আলোচনার মধ্য দিয়ে শেষ হবার কথা রয়েছে।

শ্রী শ্রী মদন মোহন মন্দিরে সভাপতি, অলোক কুণ্ডু ও সাধারণ সম্পাদক, সুশান্ত সরকার আমাদের কে জানান প্রতি বছরের ন্যায় এ বছরও শান্তি-শৃঙ্খলা বজায় রেখে আমরা র্যালি সম্পন্ন করেছি।

কোটচাঁদপুরে নয়ন জুুলি দখল করে গড়ে উঠেছে বাজার

সড়ক ও জনপথ অধিদপ্তরের নয়ন জুুলি দখল করে কোটচাঁদপুরে গড়ে উঠেছে দোকান, বাজার,স মিল, রাইচ মিল, ভরাট হয়েছে পৌরসভার বর্জ্যে।

এতে করে পানি নিষ্কাশন ব্যবস্থা বন্ধ হওয়ায় হুমকিতে পড়েছে ৯ শ একর আবাদি জমির ফসল। অবৈধ দখল থাকলে উচ্ছেদ করা হবে বললেন, সংশ্লিষ্ট অধিদপ্তরের নির্বাহী প্রকৌশলী আনোয়ার পারভেজ।

জানা যায়, কোটচাঁদপুর-কালিগঞ্জ মহাসড়কের কোটচাঁদপুর অংশের সড়কের পাশ ছিল সড়ক ও জনপদ বিভাগের নয়ন জুলি।

সংশ্লিষ্ট দপ্তরের কর্তাব্যক্তিদের তদারকি না থাকায় নয়ন জুলি দখল হয়ে গড়ে উঠেছে দোকান, মার্কেট, স মিল রাইচ, কাঠের মিল। এতে করে ব্যহত হচ্ছে পানি নিস্কাশন ব্যবস্থা। ফলে ক্ষতিগ্রস্থ হচ্ছে ওই এলাকার প্রায় ৯ শ একর জমির ফসল।

এ ব্যাপারে কলেজ বাসস্ট্যান্ডের ভুক্তভোগী চাষি সেলিম হোসেন বলেন, আমি আড়াই বিঘা জমিতে আবাদ করি। পানি নিস্কাশন ব্যবস্থা বন্ধ হওয়ায় প্রতিবছর ক্ষতিগ্রস্ত হচ্ছি আমরা।

এ কারনে এ পরিস্থিতি থেকে পরিত্রাণ পেতে এলাকার চাষিদের স্বাক্ষরিত দরখাস্ত উপজেলা নির্বাহী কর্মকর্তা, চেয়ারম্যান, কৃষি কর্মকর্তার কাছে দেয়া হয়েছে। তিনি ওই দরখাস্তে দাবী করেছেন বর্ষার মৌসুমে এ এলাকার প্রায় ৯ শ একর জমির ফসল ক্ষতিগ্রস্ত হয়ে থাকে।

চাষি হারুন অর রশিদ বলেন, আমি নিজে ওই ব্লকে ৩ বিঘা জমি চাষ করি। এ ছাড়া আরো ৬ বিঘা অন্যের জমিও দেখা শোনা করে দিই। এর আগে নয়ন জলি দখল করে নির্মিত হয়েছে, দোকান,স মিল, রাইচ মিল। এতে পানি নিষ্কাশন ব্যবস্থা বন্ধ হয়েছিল।

বর্তমানে পৌর সভার ময়লা আবর্জনায় ভরাট হচ্ছে নয়ন জুলি। এতে করে আরো সমস্যার সৃষ্টি হয়েছে। ফলে বৃষ্টির সময় এ ব্লকের সব ফসল

পানিতে নিমজ্জিত হয়। এ কারনে চাষিরা প্রতিবছরই লোকসান করছেন আবাদ করে। তিনি এ পরিস্থিতি থেকে পরিত্রাণ চেয়েছেন সংশ্লিষ্টদের নিকট।

এ ব্যাপারে কোটচাঁদপুর পৌর ভূমি অফিসের ইউনিয়ন (ভুমি) সহকারি কর্মকর্তা জাহাঙ্গীর হোসেন বলেন, ওই জমিটি সড়ক ও জনপথ অধিদপ্তরের। এটা সলেমানপুর মৌজার ২৩৫ দাগের জমি। ওই দাগে ১ একর ৪ শতক জমি রয়েছে। যেটা সড়ক ও জনপথ অধিদপ্তরের নয়ন জুলি নামে রয়েছে।

ঝিনাইদহ সড়ক ও জনপথ অধিদপ্তরের নির্বাহী প্রকৌশলী আনোয়ার পারভেজ জানান, অনেক জায়গার জমি অনেকে দখল করে রেখেছে। এ বিষয়টি কেউ কোন দিন নজরে আনেন নাই। এ কারনে আমার জানাও ছিল না। তবে আমি খোজ খবর নিতে অফিসের সার্ভেয়ারকে পাঠাব। অবৈধ দখল থাকলে তা উচ্ছেদ করা হবে।

বিষয়টি নিয়ে কোটচাঁদপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা মোঃ দেলোয়ার হোসেন বলেন, সার্ভেয়ারকে পাঠানো হয়ে ছিল। সে দেখে এসেছে। ব্যবস্থা নেয়া হবে।

কোটচাঁদপুরে অধিক মুনাফা দেখিয়ে ৫ কোটি টাকা আত্মসাৎ

ব্যাংকের মধ্যে ব্যাংক খুলে অধিক মুনাফার লোভ দেখিয়ে ৫ কোটি টাকা হাতিয়ে পালিয়েছেন আল আরাফা ব্যাংকের কোটচাঁদপুর শাখার এজেন্ট আহসানগীর। এ ঘটনায় স্থানীয় থানায় অভিযোগ করেছেন টাকা লগ্নিকারী এক গ্রাহক।

সংশ্লিষ্ট সুত্রে জানা যায়, ২০২০ সালে কোটচাঁদপুরে আল-আরাফা এজেন্ট ব্যাংকের শাখা খোলা হয়। চাকুরী দেয়া হয় স্থানীয় যুবকদের। এর জন্য তাদের কাছ থেকে নেয়া হয় টাকা।

যার মধ্যে রয়েছে ব্যাংকের অপারেশন ম্যানেজার জুবায়ের আলমের ৩

লাখ, টেইলর এনামুল হকের ১ লাখ, নুরুনাহারের ৩ লাখ, মুক্তার হোসেনের ১ লাখ, জাকির হোসেনের ১ লাখ, আলামিন হোসেনের ১ লাখ, শামীম হোসেনর ১ লাখ, সুজন হোসেনর ১ লাখ, চামেলি খাতুনের ৩ লাখ, আরিফা খাতুনের ৩ লাখ।

এদিকে ব্যাংকে স্থায়ী যুবকদের চাকুরী দেয়ায় দ্রুত ব্যাংকটি পরিচিত লাভ করে এলাকায়। এ সুযোগে ব্যাংকের আহসানগীর অধিক মূনাফা দেয়ার কথা বলে এলাকার মানুষের কাছ থেকে ৫ কোটিরও অধিক টাকা হাতি নিয়ে নিজের গ্রে মেটাল ইন্ড্রাষ্ট্রিজের হিসাব নাম্বারে জমা করেছেন। বিনিময়ে তারা পাবেন লাখে ১ হাজার ৫০ টাকা।

আর এ চুক্তিতে ওই ব্যাংকে টাকা লগ্নি করেছেন হাফিজা হ্যাপী ১১ লাখ, আল-আলী ১১ লাখ, সাইদুজ্জামান ২ লাখ ৭০ হাজার, লিটন হোসেন ৬ লাখ, শাহাজান আলী ১০ লাখ, আরিফ হোসেন ১৩ লাখ ৮০ হাজার, নয়ন ইসলাম ২ লাখ, হাসান আলী ২ লাখ, জাহাঙ্গীর হোসেন ২ লাখ, ইমরান হোসেন ৩ লাখ, মামুন হোসেন ৩ লাখ, ফাতেমা বেগম ১ লাখ ৫০ হাজার।

এছাড়া ও আহসানগীর জীবননগরের আন্দোল-বাড়িয়া ও হরিণাকুন্ড থানায় ওই ব্যাংকের শাখা খুলে টাকা হাতিয়ে নিয়েছেন বলে জানা গেছে।

ব্যাংকের গ্রাহক শাহাজান আলী বলেন, ব্যাংকে ৩ বছরের জন্য টাকা ফিক্সড করতে গিয়েছিলাম। এ সময় এজেন্ট আহসানগীর টাকা নিয়ে এ স্লিপ লিখে দেন। এরপর বলেন প্রতি মাসে ১ হাজার ৫০ টাকা করে মুনাফা নিয়ে যাবেন। তিনি বলেন, আমাদের যাদের টাকা নিয়ে গেছেন এরমধ্যে ১৪/১৫ জনের খোজ মিলেছে।

তবে এর বাইরে আরো মানুষ আছেন যারা এখনও জানেন না ব্যাংকের এ অবস্থার কথা। আমার জানা মতে ৫ কোটিরও বেশি টাকা নিয়ে পালিয়েছেন ওই এজেন্ট। এ ব্যাপারে আমরা সবাই থানায় অভিযোগ করবো।

আরেক গ্রাহক ফাতেমা খাতুন বলেন,অনেক কষ্ট করে টাকাগুলো জোগাড় করেছিলাম মেয়ের পড়ানোর জন্য। আমি ব্যাংকে গিয়ে জুবায়ের আলমের কাছে টাকা জমা রাখি।

এরপর আহসানগীর ডেকে নিয়ে গিয়ে চুক্তির কথা বলেন। পরে আমার টাকাটা ওনার হিসাব নাম্বারে স্থানন্তর করেছেন। টাকা জমা দেয়ার পর একটা টাকাও লাভ পায়নি। বিষয়টি নিয়ে কোটচাঁদপুর থানায় আহসানগীর ও জুবায়ের আলমের নামে অভিযোগ করা হয়েছে।

পলাতক থাকায় এ ব্যাপারে ব্যাংকের এজেন্ট আহসানগীরের সঙ্গে কথা বলা সম্ভব হয়নি। তবে তাঁর ভাই আলমগীর হোসেন বলেন, ১৪ বছর ধরে তাঁর সঙ্গে কোন যোগাযোগ নাই। তবে টাকা নিয়ে পালিয়েছে শুনছি। তবে কোথায় আছে জানিনা। এ

ব্যাপারে আহসানগীরের স্ত্রী নাইস খাতুন বলেন, তার ব্যবসা সম্পর্কে আমাকে কিছু বলত না। এখন সমস্যা সৃষ্টি হয়েছে, মানুষ বাড়িতে আসছে, এ কারনে জানতে পারছি। তবে কোথায় আছে জানিনা।

সর্বশেষ ৮ আগষ্ট আমার সঙ্গে কথা হয়। এর আগে আমি গ্রামে বাড়ি কাকিলা দাড়িতে ছিলাম। মানুষ গিয়ে হুমকি-ধামকি দিচ্ছে। এ কারনে নিরাপত্তার জন্য বাইরে চলে এসেছি। আহসানগীর মহেশপুর উপজেলার কাকিলাদাড়ি গ্রামের আমিনুর ইসলাম (শান্তির) ছেলে।

এ ব্যাপারে ব্যাংকের কোটচাঁদপুর শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা মতিউর রহমান বলেন, এ ঘটনার পর আমি দায়িত্বে আছি। তবে শাখাটি দেখা শোনা করছেন ঝিনাইদহ অফিস।

তবে যে ঘটনা ঘটেছে এর দায়ভার ব্যাংক নিবে না। কারন অধিক লাভের আশায় তারা ব্যক্তিগত ভাবে এজেন্টের কাছে টাকা রেখেছেন। এ খবর পেয়ে হেড অফিস থেকে খোজ খবর নিয়ে গেছেন। যা করার ওনারা করবেন।

এ প্রসঙ্গে কোটচাঁদপুর থানার উপপরিদর্শক ফরিদ হোসেন বলেন, ওই ঘটনায় কোটচাঁদপুর থানায় ব্যাংকের এজেন্ট আহসানগীর ও অপারেশন ম্যানেজার জুবায়ের আলমের নামে অভিযোগ করেছেন। বিষয়টি তদন্তাধীন রয়েছে।